# বড় শির্ক ও ছোট শির্ক

বিভাগ/অধ্যায়ঃ ভারত উপমহাদেশে শির্ক প্রচলনের বিশেষ কারণসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৭. প্রচলিত ওয়ায মাহ্ফিল:

আমাদের দেশের সাধারণ ওয়ায মাহ্ফিলগুলোও শির্ক এবং বিদ্'আত বিস্তারে বিশেষ ভূমিকা পালন করে থাকে। কারণ, কোর'আন ও হাদীস নির্ভরশীল ওয়াযের সংখ্যা খুবই কম। গণা কয়েকজন ছাড়া যে কোন ওয়ায়িয কোর'আন ও হাদীস সম্পর্কে আলোচনা না করে বরং বুযুর্গদের নামে বানানো কাহিনী বলতে খুবই পছন্দ করেন। যে গুলোর অধিকাংশই শির্ক ও বিদ্'আত নির্ভরশীল। পীর সাহেবদের ওয়ায মাহফিলের তো কোন কথাই নেই। তা তো শির্ক ও বিদ্'আতের বিশেষ আড্ডাই বলা চলে। তাতে শির্ক ও বিদ্'আতের সরাসরি প্রশিক্ষণ দেয়া হয়। তাই এক বাক্যে বলা চলে, বর্তমান যুগে কোর'আন ও হাদীস নির্ভরশীল ওয়াযের খুবই অকাল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11604

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন